# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ম-৬/রে- ২৪৭২ তারিখঃ ৯.১২.১২

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের মাধ্যমে প্রাপ্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে বাস্তবায়িত/বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রেরণ বিষয়ে ০৪/০৯/২০১২ তারিখের ০৩-০৯২.০০.০০.০০৭.২০১২-১০ নম্বর পত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হইল।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর ডঃ আবু সিদ্দিক)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

সংযুক্তি: ৫ পৃষ্ঠা।

রে-২৪৭২(৬০)

*বিতরণ ঃ-*

১। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। সকল ইন্সটিটিউট-এর পরিচালকবৃন্দ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৩। ব-৬/ব-২৩/ব-৪১/গার্ড ফাইলসহ সকল সংশ্লিষ্ট ফাইল।

১। Notice public message: The detailed forms are available at Info file
২। Teacher's Lounge
৩। Info
৪। Office

D:\Hosne_A\Section-1\N Folder\Notice.doc

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা- ১২০৭।

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১০-২/ ৭৬৬৫

তারিখ ঃ ১৭ কার্তিক ১৪১৯ / ০১ নভেম্বর ২০১২

**বিষয় ঃ উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে বাস্তবায়িত/বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রেরণ প্রসংগে**

সূত্র ঃ শিম/অঃশাঃ৪/বাস্তবায়ন/২০১০(অংশ)/৪১৬, তারিখ ঃ ২৫-১০-২০১২

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের মাধ্যমে প্রাপ্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৪-০৯-২০১২ তারিখের ০৩-০৯২.০০.০০.০০৭.২০১২-১০ নম্বর পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সরাসরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অনুলিপি প্রদানের অনুরোধ করা হ'ল।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০১/১১/১২
(মোঃ ফখরুল ইসলাম)
উপ-সচিব (প্রশাসন)
ফোনঃ ৯১২২২৮৯

বিতরণ ঃ

১-৩৪। রেজিস্ট্রার
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ টেক্সটাইল /বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল বিশ্ববিদ্যালয়।

৩৫-৯৪। রেজিস্ট্রার
নর্থ সাউথ/ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইন্ডিপেনডেন্ট/দারুল ইহসান/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/আন্তর্জাতিক ইসলামী/আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি/আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ/এশিয়ান/ ইস্ট ওয়েস্ট/এশিয়া প্যাসিফিক/গণ/দি পিপলস/ঢাকা ইন্টারন্যাশনাল/ব্রাক/মানারাত ইন্টারন্যাশনাল/বাংলাদেশ/লিডিং/বিজিসি ট্রাষ্ট/সিলেট ইন্টারন্যাশনাল/প্রিমিয়ার/ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ/ষ্টামফোর্ড/সাউথ ইস্ট/ ডেফোডিল ইন্টারন্যাশনাল/স্টেট/সিটি/ ইবাইস/প্রাইম/নর্দান/সাউদার্ন/গ্রীণ/ওয়ার্ল্ড/শান্ত মারিয়াম/দি মিলিনিয়াম/ইষ্টার্ণ/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/ মেট্রোপলিটন/ইউনাইটেড ইন্টারন্যাশনাল/উত্তরা/ভিক্টোরিয়া/ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/প্রেসিডেন্সি/ ইউনিভার্সিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সাইন্সেস/প্রাইম এশিয়া/রয়েল ইউনিভার্সিটি/অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি/ লিবারেল আর্টস/বাংলাদেশ ইসলামী/ইস্ট ডেল্টা/আশা ইউনিভার্সিটি/সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি/ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বরেন্দ্র বিশ্ববিদ্যালয়/হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বিজিএমইএ ইউনিভার্সিটি অভ ফ্যাশন এন্ড টেকনোলজি/ঈসাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ/ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ/জেডএইচ শিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ**

১। প্রকল্প পরিচালক, HEQEP, ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা), ৯৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-২১৫।
২-৬। পরিচালক (অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/ রিসার্চ সাপোর্ট ও পাবলিকেশন/বেসরকারি বিশ্ববিদ্যালয়/ ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ), ইউজিসি, ঢাকা।
৭। একান্ত সচিব, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৮-১২। সহকারী সচিব, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৪-১৫। নথি/ মহানথি।

০১/১১/১২
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোনঃ ৮১৮১৫৯১

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
স্মারক নং........২৫৩০
তারিখ........২৫/১০/১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৪ (সংসদ ও সমন্বয়)

শিম/ অঃশাঃ৪/বাস্তবায়ন/২০১০(অংশ)/ ৪১৫                                                  তারিখঃ ১৫/১০/২০১২

**বিষয়: উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে বাস্তবায়িত/বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: প্রধান মন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৯২.০০.০০.০০৭.২০১২-১০ , তারিখ : ০৪./০৯/২০১২

উপর্যুক্ত বিষয়ে পরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত আধা সরকারি পত্রটি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল। পত্রের বিষয় বস্তুর আলোকে তাঁর বিভাগ/দপ্তর/সংস্থা বা সংস্থাধীন কোন ব্যক্তি বিশেষের সরকারি কার্য সম্পাদনে সৃজনশীলতা বা উদ্ভাবনী প্রস্তাব থাকলে (যা জনগণের উপকারে আসবে) তা সংযুক্ত ছক মোতাবেক আগামী ১০ কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট অধিশাখা-৪ (সমন্বয় ও সংসদ) এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

১৫/১০/২০১২
(মোঃ আলমগীর)
উপ-সচিব (সমন্বয় ও সংসদ)
ফোনঃ ৭১৬৭১০৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন শেরে বাংলা নগর, ঢাকা (প্রতিমন্ত্রী পদমর্যাদায়) ।
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩) মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা ।
৪) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
৫) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা।
৭) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ক্যাম্পাস, ঢাকা।
৮) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।

| | |
|---|---|
| | ✓ |
| পরিচালক | |
| যুগ্ম সচিব/অতিরিক্ত পরিচালক | |
| উপ-সচিব/ উপ-পরিচালক | |
| সিঃ সহকারী সচিব / সিঃ সহকারী পরিচালক | |
| সহকারী সচিব/সহকারী পরিচালক | |

16/10/12

SAS (1)
AS (II)
DS (A)
১৮/১০/১২

D:\Office forwading.doc(244)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩-০৯২.০০.০০.০০৭.২০১২-১০

তারিখ ২৬ ভাদ্র ১৪১৯
০৪-০৯-২০১২

বিষয়ঃ উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে বাস্তবায়িত/বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রেরণ।

সরকারের প্রাতিষ্ঠানিক সংস্কার কার্যক্রমের সুফল সুনির্দিষ্ট সময়সীমায় সুপরিকল্পিতভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে এ কার্যালয়ে একটি বিশেষায়িত ইউনিট হিসেবে Governance Innovation Unit (GIU) প্রতিষ্ঠিত হয়েছে। সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচি চিহ্নিতকরণ, বাস্তবায়ন ও কৌশল প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নীতিগত সহায়তা প্রদান; সরকারী সেবা প্রদান ব্যবস্হাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জনে বিদ্যমান প্রাতিষ্ঠানক জ্ঞান ও নতুন ধারণার আলোকে কৌশলগত সহায়তা প্রদান; আধুনিক প্রশাসন ব্যবস্হাপনা এবং নাগরিক অধিকার সনদ ও নাগরিক সেবা ব্যবস্হার উন্নততর বিকাশ সংক্রান্ত চর্চা, গবেষণা, তথ্য সংরক্ষণ ও প্রকাশ; আন্তর্জাতিক ... সরকারী সেবা ব্যবস্হাপনায় তার বাস্তবায়ন ও প্রতিফলন ঘটানো GIU এর কার্যপরিধিভুক্ত।

২। GIU এর উপর ন্যস্ত কার্যাবলি সুচারুরূপে সম্পাদন এবং দৃশ্যমান করার ক্ষেত্রে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ,দপ্তর/সংস্হা/প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের স্ব-স্ব দায়িত্ব ও কার্যসম্পাদনকালে সুশাসন বা নাগরিক সেবা প্রদান বিষয়ে অনেক সৃজনশীল উদ্ভাবনের উদাহরণ রয়েছে। বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যেও অনেক উদ্ভাবনমূলক ধারণা/প্রস্তাবনা রয়েছে। অনুকূল পরিবেশের অভাবে মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হা এ ধরণের প্রাতিষ্ঠানিক উদ্ভাবন বা ব্যক্তিবিশেষ কর্তৃক সৃজনশীল কার্যক্রমকে সর্বক্ষেত্রে উৎসাহদান বা পৃষ্ঠপোষকতা করতে পারেনা। কোন কোন ক্ষেত্রে প্রতিষ্ঠিত বা প্রচলিত আইন ও বিধি বহির্ভূত কোন সমস্যার উদ্ভাবনমূলক সমাধানকে নিরুৎসাহিত করা হয়। ফলে সরকারী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে গতানুগতিক ধারা থেকে উত্তরণে মন্থরতা লক্ষ্য করা যায়।

৩। সরকারী কার্যক্রমে সৃজনশীলতার অর্থবহ বিকাশের লক্ষ্যে GIU সরকারী বিভাগ/দপ্তর/ সংস্হা বা ব্যক্তি বিশেষ কর্তৃক সুশাসন ও নাগরিক সেবা প্রদানে যেকোন নবতর উদ্ভাবন বা সৃজনশীল প্রস্তাবকে স্বাগত জানায়। নাগরিক সেবা প্রদান বা প্রশাসনিক প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সৃজনশীলতার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় রাখা প্রয়োজন-

**নতুনত্ব (Novelty):** সেবা প্রদান প্রক্রিয়ায় গৃহীত কার্যক্রম কোন উল্লেখযোগ্য পরিবর্তন/উন্নতি সাধন করেছে কিনা ?

**কার্যকারিতা (Effectiveness):** গৃহীত কার্যক্রম সুনির্দিষ্ট সেবা গ্রহীতা শ্রেণীর চাহিদা পূরণে সক্ষম কিনা এবং তা প্রত্যাশিত সুফল বয়ে আনে কিনা ?

**তাৎপর্য (Significant):** গৃহীত কার্যক্রম স্হানীয় সমস্যা হ্রাসকরণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে কিনা? এটি ব্যবস্হাপনার বা সমস্যা সমাধানের সাংগঠনিক কর্ম পরিবেশ (Culture) বা প্রথাগত দৃষ্টিভঙ্গিতে কোন পরিবর্তন এনেছে কিনা ?

**বাস্তবায়নযোগ্যতা (Replicability):** গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্যান্য ক্ষেত্রে বাস্তবায়নযোগ্য (replicable) কিনা এবং অন্যান্য নীতিনির্ধারনী ক্ষেত্রে তা মডেল হিসেবে গ্রহণ করার যোগ্য কিনা ?

**প্রক্রিয়া সহজীকরণ (Process simplification):** গৃহীত কার্যক্রম নাগরিক সেবা প্রদানের প্রক্রিয়াকে সহজ করেছে কিনা ?

**টেকসই ক্ষমতা (Sustainablity):** গৃহীত কার্যক্রমের মাধ্যমে প্রদত্ত সেবা স্হায়ী বা টেকসই (sustainable) কিনা ?

অতিঃ সচিব মহোদয়ের দপ্তর
ডাইরী নং ৩৫৫১
তারিখ ১১/৯/১২

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর
অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | |
|---|---|
| অতিঃ সচিব (উন্নয়ন) | উপ-সচিব (প্রশাসন ১/২) |
| অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | উপ-সচিব (সমন্বয়) |
| অতিঃ সচিব (কলেজ) | উপ সচিব (প্রশিক্ষণ) |
| অতিঃ সচিব (কাঃ ও মাঃ) | সিস্টেম এনালিস্ট |
| যুগ্ম-সচিব (মাধ্যমিক) | লাইব্রেরী |
| যুগ্ম-সচিব অডিট ও আইন) | ব্যক্তিগত কর্মকর্তা |
| যুগ্ম-প্রধান (পরিকল্পনা) | |

অতিরিক্ত সচিব (প্রঃ ও অঃ)

সচিব

৪। প্রাপ্ত প্রস্তাবসমূহ GIU অভিনিবেশ সহকারে বিবেচনা করবে এবং কোন প্রস্তাবের জাতীয় বা স্থানীয় উপযোগিতা বিবেচনায় তা বিকাশের বা সমজাতীয় অন্যান্য ক্ষেত্রে প্রসারের ব্যবস্থা করবে। সেক্ষেত্রে প্রস্তাবের উদ্ভাবক ব্যক্তি/প্রতিষ্ঠানকে যথাযথ স্বীকৃতি প্রদান করা হবে। কোন প্রস্তাবের অধিকতর উন্নয়নের প্রয়োজন হলে সংশ্লিষ্ট বিভাগ/সংস্থা বা ব্যক্তির সহায়তা গ্রহণ করা হবে। কোন প্রস্তাব গ্রহণ বা অধিকতর সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিলে তা প্রস্তাব প্রণেতা ব্যক্তি/সংস্থাকে অবহিত করা সহ যে কোন প্রস্তাব প্রাপ্তির বিষয়ে ১০ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্টদের জানানো হবে।

৫। বর্ণিত প্রেক্ষাপটে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/সংযুক্ত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে সফলভাবে বাস্তবায়িত/ বাস্তবায়নযোগ্য নবতর উদ্ভাবন/ কার্যক্রমের বিবরণ অথবা কোন সরকারী কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত উদ্ভাবন বা সংস্কারমূলক কোন প্রস্তাবনা থাকলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত রেখে সংযুক্ত ছক ক ও খ অনুযায়ী সরাসরি আগামী ১০/১০/২০১২ তারিখের মধ্যে মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর অথবা innovation@pmo.gov.bd ই-মেইল-এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কোন বেসরকারী প্রতিষ্ঠান বা নাগরিক সরাসরি বর্ণিত ঠিকানায় প্রস্তাব প্রেরণ করতে পারবেন। এ সংক্রান্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪.৯.১২

(মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ)
পরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
ফোন: ৯১৩৬৯০১

০৩-০৯২.০০.০০.০০৭.২০১২-১০

২০ ভাদ্র ১৪১৯
০৪-০৯-২০১২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব (সকল মন্ত্রণালয়)..........................................।
৪। সচিব (সকল মন্ত্রণালয়)..........................................।
৫। বিভাগীয় কমিশনার (সকল)..........................................।
৬। জেলা প্রশাসক (সকল) ..........................................।

অনুলিপি:

১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়,
২। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। একান্ত সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। উপপরিচালক সকল ( GIU), প্রধানমন্ত্রীর কার্যালয়,
৫। অফিস নথি।

## সংযুক্ত

### ছক- ক

গৃহীত/উদ্ভাবিত কার্যক্রমের নামঃ

| | |
|---|---|
| সমস্যা চিহ্নিতকরণ<br>(Problem Identification) | |
| সমাধান<br>(Solution) | |
| নাগরিকদের সুবিধা<br>(Citizens' Benefit) | |
| সরকারের সুফল<br>(Benefit of the Government) | |
| মন্তব্য<br>(Remarks) | |

নাম :
পদবী :
দপ্তর :

### ছক-খ

| ক্রমিক | বৈশিষ্ট্য সমূহ | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১. | অভিনবত্ব ( Novelty) | |
| ২. | নাগরিক চাহিদা পূরণে কার্যকর (Significant) | |
| ৩. | বাস্তবায়নযোগ্যতা (Replicability) | |
| ৪. | প্রক্রিয়া সহজীকরণ (Process Simplification) | |
| ৫. | টেকসই ক্ষমতা (Sustainability) | |

নাম :
পদবী :
দপ্তর :